

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৮ আগস্ট, ২০১৮।

প্রতি : নেটিশ বোর্ডের মাধ্যমে সংস্থার সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : সংস্থার কোন স্তরে অভিযোগ নিষ্পত্তিকৃত বিষয়ে অসম্ভব্য থাকলে উর্ধ্বতন স্তরে আবেদন করার জন্য নির্দিষ্ট হারে ফি জমাদান প্রসংগে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. ইদানিং আমরা লক্ষ্য করছি যে, বিভিন্ন স্তরে অভিযোগ নিষ্পত্তি হওয়ার পরও কোন কোন কর্মী সেই নিষ্পত্তিকে মেনে না নিয়ে নির্বাহী পরিচালক বা চেয়ার পার্সন-বোর্ড অব ট্রাস্টিউ কাছে পুনরায় তদন্তের জন্য আবেদন করেন। এতে করে এগুলো সমাধান করার জন্য নির্বাহী পরিচালক বা চেয়ার পার্সন-বোর্ড অব ট্রাস্টিউ অনেক সময় ব্যয় হয়। তাই আমরা এ সময়কে অর্থে ঝুপাত্তিরিত করতে চাই। এ সূত্র থেকে নিম্নলিখিত বিষয়গুলো আপনাদের বরাবরে উপস্থাপন করা হলো:

২. পদবী অনুযায়ী টাকা জমা দেয়ার নির্ধারিত হার:

ক্রম নং	পদবী	টাকার পরিমাণ (নির্বাহী পরিচালকের কাছে আবেদন করতে চাইলে)	টাকার পরিমাণ(চেয়ার পার্সন-বোর্ড অব ট্রাস্টিউ কাছে আবেদন করতে চাইলে)
ক	কমন সার্ভিস ওর্গানাইজেশন থেকে শাখা হিসাব রক্ষক বা সমমানের কর্মী	৪,০০০/-	৪,০০০/-
খ	শাখা ব্যবস্থাপক থেকে সমন্বয়কারী বা সমমানের কর্মী	১০,০০০/-	২০,০০০/-
গ	উর্ধ্বতন সমন্বয়কারী থেকে প্রধান বা সমমানের কর্মী	১৫,০০০/-	৩০,০০০/-
ঘ	তদুর্ধৰ	২০,০০০/-	৪০,০০০/-

৩. পুন: তদন্তের আবেদনের জন্য স্ব স্ব কার্যালয়ে উপরোক্ত হারে টাকা জমা দিতে হবে।

৪. আবেদনের সাথে টাকা জমা রাশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে। ফটোকপিটি সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা ও ১ম তত্ত্বাবধায়ক কর্তৃক সত্যায়িত হতে হবে।

৫. আবেদন রেজিস্টার্ড ডাকে পাঠাতে হবে এবং খামের উপরে আবেদনের বিষয় স্পষ্ট করে লিখতে হবে।

৬. এ সংক্রান্ত সকল আবেদনের খাম পরিচালক খুলবেন এবং সাথে সাথেই তিনি নির্বাহী পরিচালকের কাছে হস্তান্তর করবেন।

০৮.০৮.২০১৮
[Signature]

৭. এ সার্কুলারটি অন্তিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেউ দ্বিমত পোষণ করেন তাহলে নিম্নস্বাক্ষরকারীর নিকট যেকোন মাধ্যমে আগামী ২০ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে জানানোর জন্য অনুরোধ করা হলো।
৮. এটি পরবর্তীতে কোস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালার সাথে যুক্ত হবে।
৯. এই সার্কুলারটি অফিস প্রধান তার শাখায়, প্রকল্প অফিসে, সিএফএমটিসিতে, সিএক্সএমটিসিতে, ইউরকে, আঞ্চলিক অফিসে ও প্রধান কার্যালয়ে আগামী দু'টি সভায় আলোচনা করবেন। এই সার্কুলারটি সকল কর্মী পড়েছেন এই মর্মে স্বাক্ষর নিবেন এবং সবার অবগতির জন্য নোটিশ বোর্ডে ঝুলিয়ে রাখবেন এবং ২০ আগস্ট, ২০১৮ তারিখের পরে নির্দিষ্ট ফাইলে চলে যাবে।

এ ব্যাপারে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ


সনত কুমার ভোৰুহ ০৮.০৮.২০১৮

অনুলিপি:
নির্বাহী পরিচালক
সকল উপ ও সহকারি পরিচালক
অফিস কর্প